

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১২৭৬

৫/ মসজিদ ও সালাতের স্থান (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. তীব্র গ্রীষ্মের সময় তাপ কমে আসলে যোহর আদায় করা মুস্তাহাব

باب استحباب الإبراد بالظُّهر في شِدَّةِ الحرِّ

আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ سَمِعْتُ مُهَاجِرًا أَبَا الْحَسَنِ، يُحَدِّثُ أَنَّهُ سَمِعَ زَيْدَ بْنَ وَهْبٍ، يُحَدِّثُ عَنْ أَبِي ذَرٍّ، قَالَ أَدْنَى مُؤَدِّنُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالظُّهْرِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "أَبْرِدْ أَبْرِدْ". أَوْ قَالَ "انْتَظِرِ انْتَظِرْ". وَقَالَ "إِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّمَ فَإِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا عَنْ الصَّلَاةِ". قَالَ أَبُو ذَرٍّ حَتَّى رَأَيْنَا فِيءَ التُّلُولِ.

বাংলা

১২৭৬। মুহাম্মদ ইবনুল মুসান্না (রহঃ) ... আবু যার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুআযযিন যুহরের আযান দিলেন। তখন নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, একটু ঠাণ্ডা হতে দাও, একটু ঠান্ডা হতে দাও! অথবা বললেন, একটু অপেক্ষা কর, একটু অপেক্ষা কর! আর বললেন, গ্রীষ্মের প্রখরতা জাহান্নামের স্ফীত শিখা থেকে উদ্ভূত। কাজেই যখন গ্রীষ্ম প্রখর হবে, তখন একটু ঠাণ্ডা হলে সালাত আদায় করবে। আবু যার (রাঃ) বলেন, তিনি এত বিলম্ব করলেন যে আমরা টিলার ছায়া দেখতে পেলাম।

English

Abu Dharr reported:

The Mu'adhdbin (the announcer of the hour of prayer) of the Messenger of Allah (ﷺ) called for the noon prayer. Upon this the Messenger of Allah (ﷺ) said: Let it cool down, let it cool down, or he said: Wait, wait for the intensity of heat is from the exhalation of Hell. When the heat is intense, delay the prayer till it becomes cooler. Abu Dharr said: (We waited) till we saw the shadow of the mounds.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=10208>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন